



হঠাৎ অসুস্থ হয়ে পড়লেন জামায়াত আমির ডা. শফিকুর রহমান



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীতে একটি আলোচনা সভা ও ইফতার অনুষ্ঠানে অংশ নিতে যাওয়ার পথে হঠাৎ শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সন্ধ্যায় শেওড়াপাড়া এলাকায় কাফরুল পশ্চিম থানার উদ্যোগে আয়োজিত একটি আলোচনা সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে তার উপস্থিতি থাকার কথা ছিল। দলীয় সূত্র জানায়, নির্ধারিত কর্মসূচিতে যোগ দিতে তিনি রওনা দেন। তবে পথিমধ্যে হঠাৎ বমি হলে তিনি দুর্বল অনুভব করেন এবং তার শারীরিক অবস্থার অবনতি ঘটে। ফলে শেষ পর্যন্ত তিনি অনুষ্ঠানস্থলে পৌঁছাতে পারেননি।

ঢাকা মহানগর উত্তর জামায়াতের নায়েবে আমির আব্দুর রহমান মুসা বলেন, আমির সাহেব অনুষ্ঠানে যোগ দেওয়ার উদ্দেশ্যে বের হলেও আকস্মিক অসুস্থতার কারণে আর উপস্থিত থাকতে পারেননি। তার দ্রুত আরোগ্য কামনায় সবার কাছে দোয়া চাওয়া হয়েছে।

একইভাবে ঢাকা মহানগর উত্তর জামায়াতের আমির সেলিম উদ্দিনও তার সুস্থতার জন্য দোয়া প্রার্থনা করেন এবং আল্লাহর কাছে দ্রুত সুস্থতা কামনা করেন।